শৈলকুপা ত্রিবেণী ইউনিয়নে গণ টিকার কার্যক্রম শুরু

শৈলকুপা উপজেলার ১ নং ত্রিবেণী ইউনিয়নে সরকারি প্রাথমিক বিদ্যালয় পঞ্চাশোর্ধ ব্যক্তিদেরকে টিকা প্রদান করা হয়েছে।

শনিবার সকালে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কমিটির ধর্মবিষয়ক সম্পাদক সাইফুর রহমান সেন্টু উপস্থিত থেকে টিকা কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এবং সাধারণ সম্পাদক এবং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি এবং সাধারণ সম্পাদকসহ টিকা প্রদানের কর্মরত ছিলেন শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

মহারাজপুর ইউনিয়ন গণটিকাদান কর্মসূচি শুরু

দেশের ন্যায় ঝিনাইদহেও শুরু হয়েছে গণটিকাদান কর্মসূচি । শনিবার সকালে সদর উপজেলার ৭ নং মহারাজপুর ইউনিয়নে এই কর্মসূচি পালিত হয় ।

সকাল থেকে টিকা নিতে হাজির হয় নানা শ্রেণীর মানুষ । স্বাস্থ্যবিধি মেনে মাক্স পরিধান করে সেখানে চলে গণটিকাদান কর্মসূচি । চেয়ারম্যান খুরশিদ আলম এর নিজ উদ্যোগে ইউনিয়নে টিকা প্রদানের জন্য ফ্রী নিবন্ধন কর্মসূচি চালু করেছেন ।

[illegible]

[illegible]

জীবননগর আলোকিত ফুটবল একাডেমির জার্সি উদ্বোধন

মাদক ছাড়ো ,কলম ধরো ,মাদক মুক্ত সমাজ গড়ো,এই স্লোগানকে সামনে রেখে ,তরুন যুবকদের মাদক থেকে দুরে রাখতে জীবননগর আলোকিত ফুটবল একাডেমির জার্সি উদ্বোধন করা হয়েছে।গতকাল শনিবার বেলা ১১টার সময় জীবননগর আলোকিত ফুটবল একাডেমির আয়োজনে জীবননগর ক্রীড়া সংস্থার ভবনে সাবেক ফুটবলার কাজী মামুনুজ্জামান আদনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জার্সি উদ্বোধন করেন সংগঠনের প্রধান উপদেষ্ঠা মাই টিভির বিশেষ প্রতিনিধি এস কে লিটনের প্রতিনিধি মাই টিভির জীবননগর প্রতিনিধি মিঠুন মাহমুদ,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ঠ ঠিকাদার আলহাজ জাকাউল্লাহ, রেফারি আঃ সবুর,রবিউল ইসলাম রবি,কিরন হোসেনসহ ফুটবল খেলোয়ার আবু সাঈদ ইদবারী প্রতিক,সোহাগ,জিদমী,তুহিন,ফয়সাল,জনি,মমিন,সবদুল,ফরিদসহ ২৪জন খেলোয়ারে মাঝে এ জার্সি বিতরণ করা হয়।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সাবেক ফুটবলার সাইদুর রহমান।

জীবননগরে ৭টি কেন্দ্রে ৩হাজার জনকে কোভিট-১৯ গনটিকা প্রদান

জীবননগরে স্বাস্থ্যবিধি মেনে উৎসব মুখর পরিবেশের মধ্যে দিয়ে ৪হাজার ২শজনকে কোভিট-১৯ এর গনটিকা প্রদান করা হয়েছে।
শনিবার সকাল ৯টার সময় জীবননগর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সের আয়োজনে জীবননগর উপজেলার সাবেক ৪টি ইউনিয়নের ৪টি ওয়ার্ডের প্রতিটি ওর্য়াডে ৬শ করে মোট ২হজার ৪শ জনকে এবং জীবননগর পৌর সভার ৯টি ওর্য়াডের মধ্যে তিনটি ওর্য়াডে ২শ করে ৬শ জনকে চীনের সিনোফার্মার টিকা প্রদান করা হয়। সকাল থেকে টিকা গ্রহনের

[illegible]

[illegible]

[illegible]

কালীগঞ্জে ধরন্ত পেঁপে গাছের সঙ্গে শত্রুতা!

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার সিংদহ গ্রামে রাতের আঁধারে বর্গাচাষী মিজানুর রহমানের ধরন্ত পেঁপে গাছ কেটে দিয়েছে দুর্বৃত্বরা। এ সময় দুইটি পেঁপে বাগানের প্রায় ১৫টি ধরন্ত গাছ কেটে ফেলে রেখে যায় তারা।

শুক্রবার দিবাগত রাতে এ ঘটনা ঘটে। ক্ষতিগ্রস্থ বর্গাচাষী মিজানুর রহমান সিংদহ গ্রামর মত মতিয়ার বিশ্বাসের ছেলে। এ ঘটনায় কালীগঞ্জ থানায় একটি অভিযোগ দায়ের হয়েছে। খবর পেয়ে শনিবার পেঁপে ক্ষেত পরিদর্শন করেন ইউপি চেয়ারম্যান ইলিয়াস রহমান মিঠু, আওয়ামী লীগ নেতা লিয়াকত আলী খান লিটন, উপসহকারী কৃষি কর্মকর্তা এমদাদ হোসেন,কৃষকলীগের সভাপতি আবুল কালাম আজাদ সহ প্রমুখ।

ক্ষতিগ্রস্থ বর্গাচাষী মিজানুর রহমান জানান, তিনি জমি বর্গা নিয়ে দুইটি জমিতে পেঁপের ক্ষেত করেছেন। শনিবার সকালে ক্ষেতে গিয়ে দেখতে পান ধরন্ত পেঁপে গাছ পড়ে আছে। দুইটি বাগানের প্রায় ১৫টি ধরন্ত পেঁপে গাছসহ কলা কাটা হয়েছে। এত তার প্রায় ৮ হাজার টাকার ক্ষতি হয়েছে।

১নং সুন্দরপুর-দুর্গাপুর ইউনিয়নের চেয়ারম্যান ইলিয়াস রহমান মিঠু জানান, মহামারি করোনাকালে এমন জঘন্য কাজ মেনে নেওয়া যায় না। দ্রুতই এসব দুর্বৃত্তদের গ্রেফতার করে শাস্তির দাবি জানান তিনি।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, এ বিষয় একটি অভিযোগ পেয়েছি। অবশ্যই তদন্ত পূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর পৌরসভার ৯টি ওয়ার্ডে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কর্মসূচী উদ্বোধন

মেহেরপুর পৌরসভার এলাকায় কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কর্মসূচী উদ্বোধন করা হয়েছে। শনিবার সকালে মেহেরপুর পৌরসভা কার্যালয় চত্বরে ভ্যাকসিন প্রদানের উদ্বোধন করা হয়।

পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন উপস্থিত থাকে পৌর এলাকার ভেকসিন প্রদান কার্যক্রমের উদ্বোধন করেন। এ সময় প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, প্রধান নিবার্হী কর্মকর্তা মেহেদী হাসানসহ পৌরসভার অন্যান্য কর্মকর্তাগণ সেখানে উপস্থিত ছিলেন। মেহেরপুর শহরের ১ নম্বর ওয়ার্ডের মিশন প্রাথমিক বিদ্যালয়, ২ নম্বর ওয়ার্ডের নতুন পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৩ নম্বর ওয়ার্ডে সরকারি মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়, ৪ নম্বর ওয়ার্ডে এস এম প্রাথমিক বিদ্যালয়, ৫ নম্বর ওয়ার্ড বড়বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৬ ও ৭ নম্বর ওয়ার্ড মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ৮ নম্বর ওয়ার্ড মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বিএম কলেজ এবং ৯ নম্বর ওয়ার্ডের মেহেরপুর দারুল উলুম আহমদিয়া মাদ্রাসা কেন্দ্রে টিকা প্রদান করা হয়। পৌর এলাকার প্রতিটি ওয়ার্ডে ২শ জন করে এটিকা দেওয়া হয়।

গাংনীর কাথুলী তে করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদান

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়ে করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হলো আজ।

আজ শনিবার সকাল ৯.০০ টার সময় থেকে গাড়াবাড়ীয়া কুতুবপুর স্কুল এন্ড কলেজে ৩ টি বুথ স্থাপনের মাধ্যেমে ইউনিয়নের ৬০০ জন ব্যাক্তি

কে টিকা প্রদানের আয়োজন করেন।

এসময় টিকা কার্যক্রম পরিদর্শন করেছেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ন সাধারন সম্পাদক ইব্রাহীম শাহিন ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এ বিষয়ে মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ন সাধারন সম্পাদক জানান জননেত্রী মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার অবিরত পরিশ্রমেরর ফলে আজকে কিন্তু সকল টিকার ব্যাবস্থা করেছেন।
তিনি আমাদের দেশের মানুষকে সুস্থ রাখতে পর্যায়ক্রমে সকল কে টিকা দেওয়া হবে। তবে আজকে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান আমার স্নেহের ছোট ভাই মিজানুর রহমান রানার যে সুন্দর আয়োজন দেখলাম তা সত্যিই বলার অপেক্ষা রাখে না।তবে আরো যেটা দেখলাম ১ ঘন্টার মধ্যে প্রায় ৯০ জন কে টিকা দিতে সক্ষম হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন আইন শৃঙ্খলা বাহিনী আনসার ও হাঙ্গার প্রজেক্টের সেচ্ছাসেবক ইউনিট।

মেহেরপুরে প্রথম দিনে টিকা পাচ্ছেন সাড়ে ১২ হাজার মানুষ

মেহেরপুর জেলার তিনটি উপজেলায় গণটিকা কার্যক্রম শুরু করা হয়েছে। আজ (৭আগষ্ট) শনিবার সকালে স্থানীয় হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে এর উদ্বোধন করেন মেহেরপুর-২ আসনের এমপি সাহিদুজ্জামান খোকন। সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রাশেদুল হাসান শাওন, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুল ইসলাম।উদ্বোধনের আনুষ্ঠানিকতা শেষে টিকা প্রদান শুরু হয়। সকলেই স্ব উদ্যোগে টিকা নিতে আসেন। তিনটি উপজেলায় ২৭টি কেন্দ্রে ১২ হাজার ৬০০ জনকে টিকা প্রদান করা হবে।মেহেরপুর সিভিল সার্জন নাসিরুদ্দিন বলেন, জেলার ১৮ টি ইউনিয়ন ও দুইটি পৌরসভায় এ টিকা প্রদান কার্যক্রম চলছে ।

স্বতস্ফুর্তভাবে মানুষ নিজ নিজ কেন্দ্রে টিকা নিতে আসছেন।মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাঃ মুনসুর আলম খান,পুলিশ সুপার রাফিউল আলমসহ একটি বিশেষ টীম টিকা প্রদানের সকল কেন্দ্র পরিদর্শন করছেন বলে জানান জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান।